

পরিবেশ

আজও অস্বাস্থ্যকর ঢাকার বায়ু

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বায়ু দূষণ ফাইল ছবি

পবিত্র ঈদুল ফিতরের সরকারি ছুটি শুরু হয়েছে গত বুধবার থেকে। ইতিমধ্যে কয়েক লাখ মানুষ ঢাকা ছেড়েছেন। রাজধানীর সড়কে যান চলাচল কমে গেছে অনেক। তবে এর মধ্যেও ঢাকার বায়ু অস্বাস্থ্যকর। আজ শুক্রবার বায়ুদূষণে বিশ্বের শহরগুলোর মধ্যে ঢাকার অবস্থান পঞ্চম। এয়ার কোয়ালিটি ইনডেক্সে (একিউআই) আজ সকাল সাড়ে ১০টায় ঢাকার স্কোর ১৫৪। আজকের যে স্কোর, সে অনুযায়ী ঢাকার বাতাসের মান ‘অস্বাস্থ্যকর’ ধরা হয়।

আজ একিউআই ইনডেক্সে সবার ওপরে থাকা ভিয়েতনামের হ্যানয়ের স্কোর ১৭৯। দ্বিতীয় অবস্থানে আছে নেপালের রাজধানী কাঠমান্ডু, স্কোর ১৭৭। তৃতীয় ও চতুর্থ অবস্থানে যথাক্রমে থাইল্যান্ডের চিয়াংমাই ও দেশটির রাজধানী ব্যাংকক। শহর দুটির স্কোর যথাক্রমে ১৬৭ ও ১৫৮।

সুইজারল্যান্ডভিত্তিক বায়ুর মান পর্যবেক্ষণকারী প্রযুক্তিপ্রতিষ্ঠান আইকিউএয়ার দূষিত বাতাসের শহরের তালিকা

By using this site, you agree to our Privacy Policy. OK

দূষিত, সে সম্পর্কে মানুষকে তথ্য দেয় এবং তাদের কোনো ধরনের স্বাস্থ্যঝুঁকি তৈরি হতে পারে কি না, তা জানায়।

একিউআই ইনডেক্সে স্কের ১৫১ থেকে ২০০ হলে সংবেদনশীল গোষ্ঠীর জন্য বাতাসের মান ‘অস্বাস্থ্যকর’ ধরা হয়। ২০১ থেকে ৩০০ একিউআই স্কেরকে ‘খুব অস্বাস্থ্যকর’ বলে মনে করা হয়। আর স্কের ৩০১ থেকে ৪০০ হলে সেই বাতাসকে ‘ঝুঁকিপূর্ণ’ ধরা হয়, যা ওই শহরের বাসিন্দাদের জন্য গুরুতর স্বাস্থ্যঝুঁকি তৈরি করে।

অন্যদিকে, একিউআই ইনডেক্সে ৫০ থেকে ১০০-এর মধ্যে স্কের থাকলে সেই বাতাসকে ‘মধ্যম’ কিংবা ‘গ্রহণযোগ্য’ হিসেবে বিবেচনা করা হয়। ঢাকায় চলতি বছরের জানুয়ারিতে সবচেয়ে বেশি সংখ্যক দিন দুর্যোগপূর্ণ বায়ুর মধ্যে কাটিয়েছে নগরবাসী। জানুয়ারিতে মোট ৯ দিন রাজধানীর বায়ুর মান দুর্যোগপূর্ণ ছিল, যা গত ৭ বছরের মধ্যে সর্বোচ্চ।

এর মধ্যে জানুয়ারিতে বায়ুর মান থাকে সবচেয়ে বেশি খারাপ। ঢাকার জন্য বায়ুদূষণ বড় একটি সমস্যা। এ জন্য মোটাদাগে তিনটি কারণ চিহ্নিত করা হয়। সেগুলো হলো ইটভাটা, যানবাহনের ধোঁয়া ও নির্মাণকাজের ধুলা। পরিবেশ অধিদপ্তর ও বিশ্বব্যাংকের এক যৌথ প্রতিবেদনে এই তিন কারণের কথা বলা হয়েছে।

নভেম্বর, ডিসেম্বর, জানুয়ারি, ফেব্রুয়ারি—বছরের এই চার মাস ঢাকার বায়ু বেশি দূষিত থাকে। এর মধ্যে জানুয়ারিতে বায়ুর মান থাকে সবচেয়ে বেশি খারাপ।

বাংলাদেশে একিউআই নির্ধারণ করা হয় দূষণের পাঁচটি বৈশিষ্ট্যের ওপর ভিত্তি করে। সেগুলো হলো বস্তুকণা (পিএম ১০ ও পিএম ২.৫), এনও ২, সিও, এসও ২ এবং ওজোন (ও৩)।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো